# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**06 SEPTEMBER 2025** **7:45—7:55 PM**

---

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী ১৪ সেপ্টেম্বর গোলাঘাট জেলার নুমলীগড়ে বিশ্বের প্রথম বাঁশ ভিত্তিক জৈব ইথানল প্রকল্পের উদ্বোধন ।

২) নতুন করে আধার কার্ড আবেদনের জন্য রাজ্য সরকারের পোর্টালের সংশোধিত এস ও পি-তে অনুমোদন ।

৩) কয়েকটি রাজনৈতিক দলের সমর্থন এবং নাগরিক সুরক্ষা মঞ্চ আহুত শ্রীভূমি জেলায় আজকের ১২ ঘন্টা ধর্মঘটের আংশিক প্রভাব , কয়েকটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া ধর্মঘট শান্তিপূর্ণ ।

এবং

৪) হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে সিনিয়র ডিভিশন লীগ কাম নক-আউট ফুটবল টুর্ণামেন্ট আগামীকাল থেকে শুরু ।

---------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৪ সেপ্টেম্বর গোলাঘাট জেলার নুমলীগড়ে বিশ্বের প্রথম বাঁশ ভিত্তিক জৈব ইথানল প্রকল্পের উদ্বোধন করবেন । নুমলিগড় শোধনাগার কতৃপক্ষ সহ গোলাঘাট জেলা প্রশাসন প্রধানমন্ত্রীর সফরসূচি সফল করে তুলতে ব্যাপক প্রস্তুতি শুরু করেছে । গোলাঘাট জেলার অভিভাবক মন্ত্রী রূপেশ গোয়ালা আজ এই প্রস্তুতি পর্বের বিস্তারিত খোঁজ-খবর নিয়েছেন । শ্রী গোয়ালা একই সঙ্গে আসাম পর্যটন উন্নয়ন পর্ষদের অধ্যক্ষ ঋতুপর্ণা বরুয়া , প্রাক্তন সাংসদ তপন গগৈ , আসাম পুলিশের আইন-শৃঙ্খলা শাখার মহা পরিদর্শক অখিলেশ কুমার সিং , গোলাঘাট জেলার পুলিশ সুপার রাজেন সিং সহ জেলা প্রশাসনের সঙ্গে প্রধানমন্ত্রীর সফর সূচি নিয়ে বিস্তারিত

আলোচনা করেছেন । শ্রী গোয়ালা বলেছেন যে এই প্রকল্প বাঁশ চাষীদের লাভবান করা সহ গ্রামীন অর্থনীতিকে আরো শক্তিশালী করে তুলবে । উল্লেখ্য যে নুমলীগড় শোধনাগারের ৫০ শতাংশ অংশীদারিত্বে এই প্রকল্পটি নির্মান করা হচ্ছে । এই প্রকল্প থেকে প্রতি বছর ৫০ হাজার টন ইথানল , ১৮ হাজার টন ফার্ফিউরেল এবং ১১ হাজার টন এসিটিক এসিড উৎপাদন করা হবে । অবশিষ্ট লীগনীন থেকে ২৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হবে বলেও ইথালন প্রকল্পের পরিচালন সঞ্চালক ভাষ্করজ্যোতি ফুকন জানিয়েছেন । একই সঙ্গে তরল কার্বনডাই-অক্সাইড উৎপাদন করা হবে । উল্লেখ্য যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৪ সেপ্টেম্বর এই বাঁশ ভিত্তিক জৈব ইথানল প্রকল্পের উদ্বোধন করা সহ নুমালীগড়ে নির্মীয়মান পলিপ্রপিলিন ইউনিটেরও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন ।

---

আধার কার্ড আবেদনের জন্য রাজ্য সরকারের পোর্টালের সংশোধিত এস ও পি-তে অনুমোদন জানানো হয়েছে । এই অনুসারে ১৮ বছরের অধিক ভারতীয় নাগরিকরা নতুন করে আধার কার্ডের জন্য আবেদন করতে পারবেন । অনুসূচিত জাতি , উপ-জাতি এবং চা-জন গোষ্ঠী সম্প্রদায়ের জন্য এ বছরের জন্য এই নীয়মাবলী প্রজোয্য হবে না । তবে কোন ধরণের স্বতন্ত্র ঘটনার ক্ষত্রে জেলা আয়ুক্তদের আধার কার্ড প্রদানের কর্তৃত্ব প্রদান করা হয়েছে । এই নতুন নিয়মের মাধ্যমে সন্দেহ ভাজন নাগরিক এবং অনুপ্রবেশকারীরা যাতে আধারকার্ড লাভ করতে না পারেন সে বিষয়টি নিশ্চিত করা হয়েছে ।

---

রাজ্য সরকার কাজিরাঙ্গা জাতীয় উদ্যান ও ব্যাঘ্র সংরক্ষিত বনাঞ্চলের ষষ্ঠ সংযোজন সম্পর্কে আনুষ্ঠানিক অধিসূচনা জারী করেছে । পরিবেশ , বন ও জলবায়ু পরিবর্তন বিভাগ ১৯৭২ সালের বন্যপ্রাণী সংরক্ষণ আইনের ৩৫ - ৪ ধারার অধীনে জারী করা এই অধিসূচনার তালিকাটি কার্যকর করা হয়েছে । এই নতুন সংযোজনের জমি গোলাঘাট , নগাও , শোণিতপুর এবং বিশ্বনাথ পর্যন্ত সম্প্রসারিত করা হয়েছে । অধিসূচনায় ব্রম্মপুত্র নদে নৌকা এবং জাহাজ চলাচলের ক্ষত্রে কোন ধরণের অসুবিধা হবে না বলে উল্লেখ করা হয়েছে ।

---

কয়েকটি রাজনৈতিক দলের সমর্থন এবং নাগরিক সুরক্ষা মঞ্চ আহুত শ্রীভূমি জেলায় ১২ ঘন্টার ধর্মঘটের আজ আংশিক প্রভাব পড়েছে । জেলার বাজার হাটে জনসমাগম কম পরিলক্ষিত হয়েছে । এছাড়া দোকান পাটও বন্ধ ছিলো । তবে সরকারি

কার্যালয়গুলিতে উপস্থিতির হার স্বাভাবিক ছিলো । এদিকে বদরপুর নবীনচন্দ্র কলেজের একাংশ শিক্ষার্থী জেলা প্রশাসন ও কলেজ কর্তৃপক্ষের বিনা অনুমতিতে রাস্তায় প্রতিবাদ জানালে পুলিশের লাঠিচালনায় কয়েকজন ছাত্র ছাত্রী আহত হন বলে আমাদের করিমগঞ্জের সংবাদদাতা জানিয়েছেন । পরে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী এবং পুলিশ সুপার পার্থ প্রতিম দাসের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে ।
উল্লেখ্য শ্রীভূমি জেলা তথা পূর্বের করিমগঞ্জের নাম পরিবর্তনের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে জেলায় আজ ১২ ঘন্টার ধর্মঘটের আহ্বান জানানো হয়েছিলো ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা সমাজ কল্যাণ আধিকারিক জানিয়েছেন যে রাজ্যের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন সঞ্চালকালয় থেকে ২০২৫-২৬ সালে জেলার বিশেষভাবে সক্ষম পড়ুয়াদের বৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে । এতে নিম্ন প্রাথমিক থেকে স্নাতকোত্তর এবং চিকিৎসা ও কারিগরি শিক্ষায় অধ্যয়নরত বিশেষভাবে সক্ষম পড়ুয়াদের এই বৃত্তি প্রদান করা হবে । এই বৃত্তির জন্য দরখাস্তের নির্ধারিত ফর্ম শ্রীভূমি জেলা সমাজ কল্যাণ আধিকারিকের কার্যালয় এবং উত্তর শ্রীভূমি ,দক্ষিণ শ্রীভূমি ,বদরপুর রামকৃষ্ণনগর ,লোয়াইরপোয়া ও দুল্লভছড়া সুসংহত শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিকের কার্যালয় থেকে সংগ্রহ করতে বলা হয়েছে । দরখাস্ত জমা দেবার শেষ তারিখ আগামী ২৪ শে অক্টোবর । বিস্তারিত বিবরণ শ্রীভূমি জেলা সমাজ কল্যাণ আধিকারিকের কার্যালয় ও সংশ্লিষ্ট সি ডি পি ও কার্যালয়ে পাওয়া যাবে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা প্রশাসনের ব্যাবস্থাপনায় ভারতরত্ন সুধাকণ্ঠ ড.ভূপেন হাজারিকার জন্ম শতবর্ষ উদযাপনের সঙ্গে সঙ্গতি রেখে আগামী সোমবার সন্ধ্যা ৬ টায় জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । ড.ভূপেন হাজারিকার স্মৃতি বিজড়িত কথা -গীত-আলোচনা # শতবর্ষের সন্ধ্যা # শীর্ষক এই অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকতে জেলা প্রশাসনের পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

অধিবক্তা পরিষদ কাছাড় জেলা শাখার উদ্যোগে আগামীকাল শিলচর মহিলা কলেজের প্রেক্ষাগৃহে একদিবসীয় কর্মশালার আয়োজন করা হয়েছে । কর্মশালায় দুটি অধিবেশন রয়েছে । প্রথম অধিবেশন সকাল ১১ টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত এবং দ্বিতীয় অধিবেশন বেলা আড়াইটা থেকে থেকে বিকেল ৫ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে । এতে বিশিষ্ট বক্তারা বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ের ওপর প্রাসঙ্গিক বক্তব্য রাখবেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে সিনিয়র ডিভিশন লীগ কাম নক আউট ফুটবল টুর্নামেন্ট আগামীকাল থেকে শুরু হবে । নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে অনুষ্ঠেয় এই প্রতিযোগীতায় মোট ১৬ টি দল অংশগ্রহণ করবে । প্রতিযোগীতাটি গ্রুপ এ , গ্রুপ বি ,গ্রুপ সি ও গ্রুপ ডি এই চারটি গ্রুপে ভাগ করা হয়েছে ।প্রতিদি দুপুর আড়াইটে থেকে ম্যাচ শুরু হবে । আগামীকাল উদ্বোধনী ম্যাচে ইনসাফ ক্লাব // এন জি ও প্যারাডাইস দলের মুখোমুখি হবে । একমাস ব্যাপী এই প্রতিযোগীতার ফাইনাল খেলা আগামী ১৩ অক্টোবর অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের মাতৃ-পিতৃ বন্দনা প্রকল্পের অধীনে রাজ্যের কর্মচারীদের জন্য বিশেষ নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা হয়েছে । এ সম্পর্কে সাধারণ প্রশাসন বিভাগের জারী করা নির্দেশ অনুসারে আগামী ১৪ এবং ১৫ নভেম্বর কর্মচারীরা এই বিশেষ নৈমিত্তি ছুটি লাভ করবেন । কর্মচারীরা ১৬ নভেম্বর অর্থাৎ রবিবার দিনটিও মাতৃ-পিতৃ বন্দনার জন্য ব্যবহার করতে পারবেন বলে নির্দেশে উল্লেখ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমি ক্লাবের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার ফাইনাল খেলা আগামীকাল অনুষ্ঠিত হবে । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে অনুষ্ঠেয় এই ফাইনাল খেলায় ইন্ডিয়ান এফ সি দল // লোকনাথপুর ইয়ং স্টার ক্লাবের মুখোমুখি হবে । খেলা শুরু হবে বিকেল তিনটায় । পুরস্কার হিসেবে চ্যাম্পিয়ন দলকে ট্রফি সহ নগদ ৫০ হাজার টাকা এবং রানার্স দলকে ২৫ হাজার টাকা প্রদান করা হবে ।

---------------------------------------------------------------------------------------

পালংঘাট ডুগরুবস্তী শিবদূর্গা ক্লাবের পক্ষ থেকে আজ হাইলাকান্দি জেলা কারাগারে যোগের ওপর এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয় । সভায় মূখ্য অতিথি হিসেবে হাইলাকান্দি জেলার অতিরিক্ত আয়ুক্ত লাইহরলু খেনতে সহ কারাগারের অধীক্ষক সন্তোষ গোস্বামী ,লালন প্রসাদ গোয়ালা প্রমূখ উপস্থিত ছিলেন । সভায় শিবদূর্গা ক্লাবের পক্ষ থেকে কারাগারে ৫ টি সিলিং ফ্যান প্রদান করা হয় ।

---------------------------------------------------------------------------------------